



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগের আয়োজনে ওয়েবিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ ফেব্রুয়ারি ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “বাংলাদেশের সমাজ ও অর্থনীতিতে কোভিড-১৯ এর প্রভাব” শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের আয়োজনে ২৬ ফেব্রুয়ারি সন্ধ্যা ৬:৩০ টায় ওয়েবিনারটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান আলোচক হিসেবে যুক্ত ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ, লেখক ও গবেষক, বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আবুল বারকাত। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তা ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক ও চেয়ারম্যান রিজওয়ানা ইসলাম। বক্তব্য রাখেন অর্থনীতি বিভাগের শিক্ষার্থী ইসরাত জাহান নাহিন ও কে. এম. রহমাতুল্লাহ রাহাত। ওয়েবিনারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের শিক্ষক, শিক্ষার্থীসহ অন্যান্যরা সংযুক্ত ছিলেন। ওয়েবিনারটি সঞ্চালনা করেন অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক জ্যোতির্ময় বিশ্বাস।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস